

তইয়েবুর রহমান টনি নিউ ইয়র্ক

যুক্তরাষ্ট্রের টেক্সাস অ্যাণ্ড গরাজ্‌ঘরে ওয়াকো শহরে সশস্ত্র বাহিকারদের মধ্য ঘে বন্ধুকযুদ্ধে ১ জন নিহত হয়েছে। এ ঘটনায় আরও ১৮ জন আহত হয়েছে বলে খবর পাওয়া গেছে। রোববার সেন্ট্রাল টেক্সাস মার্কটে পলসে টুইন পকিস স্পোর্টস বার নামক একটি রেস্টোরাঁয় এ সংঘর্ষের ঘটনা ঘটে। এতে জড়তি সন্দেহে মোটে ১০০ জনকে গ্রেফতার করা হয়েছে বলে জানিয়েছে স্থানীয় পুলিশ বিভাগ। খবর বিবিসি, নিউ ইয়র্ক টাইমস।

রোববার স্থানীয় সময় দুপুরের পর টুইন পকিস রেস্টোরাঁয় প্রথমে বাহিকার গ্যাংয়ের মধ্য ঘে সংঘর্ষের সূত্রপাত হয়। ধারণা করা হচ্ছে, গাড়ি রাখার স্থান নিয়ে বাহিকারদের মধ্য ঘে বিরোধ দেখা দিয়ে। তারপর এটি গুলিবিধিয়ে গড়ায়। পুলিশ বিভাগ বলছে, এতে ঘটনাস্থলই ৮ জন নিহত হয়। এরপর হাসপাতালে নেয়ার পর গুরুতর আহত এক ব্যক্তির মৃত্যু হয়। গুলিও ধারালে। অস্ত্রের আঘাতে আহত ১৮ জনকেও হাসপাতালে ভর্তি করা হয়েছে। একজন প্রত্যক্ষদর্শী ঘণিলে লোগান বলেন, ‘এটি ছিল যুদ্ধের মতো। পরিস্থিতি সন্ময় প্রায় ৩০টিনিবন্ধুক থেকে গুলি করা হয়। আনুমানিক ১০০ রাউন্ড গুলি করা হয়েছে।’

এ ব্যাপারে পুলিশ বিভাগের মুখপাত্র সার্জনে টি ডব্লিউ প্যাট্রিক সোয়ানটন বলেন, ‘৩৪ বছরের কর্মজীবনে এমন সংঘর্ষের ঘটনা আমি আগে কখনো দেখিনি। এটি একটি মারাত্মক অপরাধ। এতে প্রায় ৫টি গ্যাং জড়তি ছিল। এরা খুবই ভয়ংকর ও সহিংস। সংঘর্ষ শুরু হওয়ার খবর পাওয়া মাত্রই আমরা ঘটনাস্থলে আসি। এরপর ধীরে ধীরে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়। তা না হলে অনেক বেসামরিক নরীহ নাগরিক আহত হতে পারতেন।’ ঘটনার পর অস্ত্রসহ আনুতত তনিজনকে গ্রেফতার করা হয় বলে নিশ্চতি করছেন তিনি।

ঘটনার সময় টুইন পকিস রেস্টোরাঁর কর্মচারী এবং যারা খেতে এসেছিলেন তারা একটি ইমিঘরে আশ্রয় নেন। পরিস্থিতি শান্ত হওয়ার পর এবং সশস্ত্র পুলিশ সদস্য ঘটনাস্থলে মোতায়েন হওয়ার পর তাদের সরিয়ে নেয়া হয়।

স্থানীয় শেরিফি পারনলে ম্যাকনামারা জানিয়েছেন, নিহত ব্যক্তিরি ব্য়ান্ডটি প ও কেসাকস গ্যাংয়ের সদস্য ছিলেন। এসব গ্যাংয়ের সদস্যরা ওয়াকো শহরের আন্যান্য অঞ্চলেও এ ধরণের সংঘর্ষে জড়িয়ে পড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। এজন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে সতর্কবস্থায় রাখা হয়েছে।